দামুড়হুদায় মুহুরি আলমগীরের দুর্নীতির শেষ কোথায়?

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলা সাব-রেজিস্টারের অফিসের মুহুরি আলমগীরের বিরুদ্ধে ভুয়া দলিল ও জালিয়াতি করে জমির নাম খারিজ করে জমি বিক্রয়ের অভিযোগ উঠেছে।

ঘটনাস্থলে গিয়ে জানা জায়, দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের কাদিপুর গাং পাড়া গ্রামের নিকবার আলীর ছেলে ফারজুল ইসলাম জমি ক্রয় করে একই ইউনিয়নের তারিনী পুর গ্রামের মসলেম মুহুরির ছেলে আলমগীরের মাধ্যমে। ডুগডুগী গ্রামের সোহরাব হোসেনের স্ত্রী রওশনারা কাছ থেকে মোট ৮ কাঠা ৪ গুন্ডা জমি ক্রয় করেন, দাম ৫৭লক্ষ টাকা, কিন্তু ওই দাগে রওশনারার মোট ৩ কাঠা জমি ছাড়া আর কোন জমি েইন। তবে কি ভাবে মুহুরি আলমঙ্গীর ৮ কাঠা ৪ গুন্ডা জমির নাম খারিজ করে জমি রেজিস্টি করে দিলো।

ভুক্তভোগী নিকবার আলী বলেন, তারিনী পুর গ্রামের মসলেম মুহুরির ছেলে আলমগীর মুহুরির মাধ্যমে ডুগডুগী গ্রামের সোহরাব হোসেনের স্ত্রী রওশনারার কাছ থেকে গত ১১/১১/২০২০ইং তারিখে ৮ কাঠা ৪ গুন্ডা জমি ক্রয় করি। জমির দাগ নং ৬৬৭৩/২০, এখন দেখতে পাচ্ছি রওশনারার মোট জমি আছে ৫ কাঠা, জমির দলিলও জাল। নাম খারিজও করেছে চিটারী করে, আমার প্রায় ১০ লক্ষ টাকা ক্ষতি হয়েছে।

আমি মূর্খ মানুষ লেখা পড়া জানিনা মুহুরি আলমঙ্গীরের নিজের ছেলের মত ভাবতাম, আমি কখনও ভাবিনি আলমগীর আমার সাথে এই ধরনের চিটারী বাটপারী করবে। আমি এই অন্যায়ের বিচার চাই।

মুহুরি আলমগীরের মত চিটার বাটপারের কারণে আমার অনেক ক্ষতি হয়েছে, আর যেন কারো এমন ধরনের ক্ষতি না হয়। আমি বাটপার আলমগীরের নামে মামলা করবো। আমি দামুড়হুদা উপজেলা প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করছি বাটপার আলমগীরের লাইসেন্স বাতিল করে আইনগত ব্যবস্থা নেয়া হোক।

জীবননগরে মুমূর্ষু রোগীর পাশে গঙ্গাদাশপুর যুব সংগঠন

জীবননগরে মুমূর্ষু রোগীর পাশে দাঁড়িছে গঙ্গাদাশপুর যুব সংগঠনের সদস্যরা। গত দুই দিন আগে এক অসহায় দিনমজুর ভ্যান চালকের মেয়ে টাকার অভাবে সিজার করতে পারছিল না এবং ঔষধ কেনার মত তেমন সামর্থ ছিল না এমন সংবাদ পেয়ে তার বাড়িতে ছুটে যান জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের গঙ্গাদাশপুর যুব সংগঠনের এক ঝাক তরুণ।

ভ্যান চালক দিনমজুরের বাড়িতে গিয়ে তার মেয়েকে নিয়ে জীবননগর শহরের ক্রিসেন্ট ক্লিনিকে ভর্তি করে এবং সিজারের সমস্থ দায়ভার গ্রহণ করে। গতকাল রবিবার সিজার শেষে কর্তব্যরত চিকিৎসক একটি মেয়ে সন্তানের জন্ম হয়েছে বলে জানান।

এ সময় ক্লিনিকে শিশুটিকে দেখতে ক্লিনিকে ছুটে যান গঙ্গাদাশপুর যুব সংগঠনের উপদেষ্ঠা রাজিব হোসেন রাজু, সাংবাদিক মিঠুন মাহমুদ, গঙ্গাদাশপুর যুব সংগঠনের সভাপতি শাহিন কবির, সাধারণ সম্পাদক আব্দুল্লাহ আল মামুন, অর্থ সম্পাদক আরুক আলী, সদস্য শরিফ উদ্দিন, সাইদুর রহমান, বিল্লান হোসেন প্রমুখ।

জীবননগরে প্রয়াত সাংবাদিকদের রুহের মাগফিরাত কামনা

জীবননগর প্রেস ক্লাবে প্রয়াত সাংবাদিকদের রুহের মাগফিরাত কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার দুপুর ২টার সময় জীবননগর প্রেস ক্লাবের আয়োজনে জীবননগর উপজেলায় প্রয়াত সাংবাদিকদের রুহের মাগফিরাত কামনায় জীবননগর প্রেস ক্লাবে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

জীবননগর প্রেস ক্লাবের ভারপ্রাপ্ত সভাপতি যোয়াদ হোসেন কামালের সভাপতিত্বে এ সময় উপস্থিত ছিলেন, জীবননগর প্রেস ক্লাবের সাধারণ

সম্পাদক এম আর বাবু, সাংবাদিক সালাউদ্দিন কাজল, জাহিদ বাবু, নারায়ণ ভৌমিক, মামুন হোসেন, আতিয়ার রহমান, কাজী শামসুর রহমান, মুন্সী খোকন, জাহাঙ্গীর আলম,

হুমায়ন কবির, জামাল হোসেন খোকন, মিঠুন মাহমুদ, চাষী রমজান, এ আর ডাবলু, জহিরুল ইসলাম, মাজেদুল ইসলাম মিল্টন, রমজান আলী, আলামিন হোসেনসহ জীবননগর প্রেস ক্লাবের সাবেক সভাপতি প্রয়াত আনোয়ারুল কবিরের স্ত্রী, প্রয়াত সাংবাদিক আবু সায়েমের দুই ছেলে এ দোয়া মাহফিলে উপস্থিত ছিলেন।

উক্ত অনুষ্ঠানে দোয়া মাহফিল পরিচালনা করেন মাওলানা ওলিয়ার রহমান ।

এজাহারভুক্ত আসামিদের গ্রেফতারের দাবিতে সংবাদ সম্মেলন

মিথ্যা মামলার প্রতিবাদ ও এজাহারভুক্ত আসামিদের গ্রেফতারের দাবিতে হাসাদাহ প্রেস ক্লাবে সংবাদ সম্মেলন হয়েছে। সুটিয়া গ্রামের মৃত সামসুদ্দীন মন্ডলের ছেলে খোকন মন্ডল, তিনি সংবাদ সম্মেলনে বলেন, আমার পিতা খুন হবার পর ৭/৫/২০২০ তারিখে জীবননগর থানায় হত্যা মামলা করা হয়। যার মামলা নং ০৫/২০২০।

এই মামলার এস আই বাবলুর রহমান ১নং আসামি গ্রেফতার করে। আসামি কোটথেকে জামিনে বাড়ীতে এসে আমাদের বিভিন্ন ভাবে হুমকি দিচ্ছে এবং বাকী ৫জন আসামি এজেহারভুক্ত হলেও অজ্ঞাত কারণে থানা তাদের ধরছে না।

আমরা বললে বলে যে, উপরের চাপ আছে। আসামিরা আমার পিতার মৃত্যুর পর এই পযর্ন্ত কোটে আমাদের নামে ১০ টি মিথ্যা মামলা দিয়ে হয়রানি করিয়ে নিয়ে বেড়াচ্ছে। তিনি আরো বলেন, পুলিশের কর্তৃপক্ষকে বিনীত ভাবে জানাতে চাই, এজেহারভুক্ত আসামিদের যাহাতে গ্রেফতার করা হয়।

গ্রেফতার হলে আমার গরীব অসহায় পরিবার মিথ্য মামলার হাত থেকে রেহায় পাবে।

এ সংবাদ সম্মেলনে প্রেস ক্লাবের সভাপতি ডিএম মতিয়ার রহমান, সহ-সভাপতি শামসুল আলম, সাধারণ সম্পাদক মনিরুজ্জামান শ্যামল, সাংগাঠনিক সম্পাদক মুন্সী কবির হোসেন, কোষাধ্যক্ষ বদরুজ্জামান শ্যামল, প্রচার ও দপ্তর সম্পাদক আল আমিন, নির্বাহী সদস্য কবির আহম্মদ, হুসাইন,শিপলু রহমান প্রমুখ উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় নদীর তীর থেকে মানুষের কঙ্কাল উদ্ধার

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার উজিরপুর গ্রাম সংলগ্ন মাথাভাঙ্গা নদীর তীর থেকে একটি মানুষের কঙ্কাল উদ্ধার করেছে পুলিশ।

গতকাল শনিবার সন্ধ্যায় এলাকাবাসীর কাছ থেকে খবর পেয়ে ছড়িয়ে ছিটিয়ে থাকা কঙ্কালটির বিভিন্ন অংশ উদ্ধার করা হয়।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুল খালেক জানান, উজিরপুর গ্রামে মাথাভাঙ্গা নদীর তীরে অবস্থিত একটি মাদরাসার কয়েকজন শিক্ষার্থী সন্ধ্যার আগে নদীর তীরে মানুষের মাথার খুলি ও হাড়গোড় দেখতে পায়।

পরে তারা স্থানীয়দের জানালে এলাকাবাসী থানায় খবর দেয়। খবর পেয়ে ঘটনাস্থল থেকে সেগুলো উদ্ধার করা হয়। ওগুলো মর্গে পাঠানো হবে এবং ডিএনএ পরীক্ষার জন্য নমুনা সংগ্রহ করে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হবে।

ওসি আরও জানান, ধারণা করা হচ্ছে অন্য কোনো এলাকার কঙ্কাল ডুবন্ত অবস্থায় স্থানান্তরিত হয়ে উজিরপুর গ্রামের সন্নিকটে এসে বেধে যায়। এতোদিন নদীতে বাড়তি পানি থাকায় সেগুলো দেখা যায়নি। সম্প্রতি নদীর পানি কমে আসায় কঙ্কালটি এলাকাবাসীর চোখে পড়ে।

# [redacted]

[redacted]

কোষাধ্যক্ষ পদে আলাউদ্দিন মোরগ প্রতীকে ৪৭৮ ভোট পেয়ে পুনরায় নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী রেজাউল হক হাতি প্রতীকে ভোট পেয়েছেন ২৩৪টি।

ক্রীড়া সম্পাদক পদে বাবলুর রহমান আম প্রতীকে ৩৫৮ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী আব্দুল মজিদ ফুটবল প্রতীকে ভোট পেয়েছেন ৩১৬টি। এছাড়া কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী না থাকায় ধর্মবিষয়ক সম্পাদক পদে নির্বাচিত হয়েছেন হাফেজ মোঃ মোতালেব হোসেন ও দপ্তর সম্পাদক পদে নির্বাচিত হয়েছেন আইয়ুবুর রহমান।

সদস্য পদে ৫৮৩ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন আব্দুল ওহাব কাবলু, জসিম উদ্দিন পেয়েছেন ৫৩২ ভোট, জাহাঙ্গীর আলম পেয়েছেন ৫২৬ ভোট, জয়নাল আবেদীন ক্যাপ পেয়েছেন ৫৫৫ ভোট, ফজলুর রহমান বিশ্বাস পেয়েছেন ৪৫১ ভোট, মীর মতিয়ার রহমান পেয়েছেন ৪৩৬ ভোট, মনিরউদ্দিন পেয়েছেন ৪৯০ ভোট, রেজাউল হক তোতা পেয়েছেন ৫২৬ ভোট, শ্রী বাপ্পী সাহা পেয়েছেন ৩৫৯ ভোট, শেখ সাদী পেয়েছেন ৩৯৭ ভোট, শফিউল হাসান মিলন পেয়েছেন ৫৪৮ ভোট ও সিরাজুল ইসলাম পেয়েছেন ৫০২ ভোট।

জীবননগর হাসপাতালে পাখিদের অভয়ারণ্যের উদ্বোধন

জীবননগর হাসপাতালে পাখিদের নিরাপদে বসবাসের জন্য অভয়ারণ্যের উদ্বোধন করা হয়েছে। গতকাল শনিবার সকাল সাড়ে ১০টার সময় সেচ্ছাসেবী সংগঠন শিকড় সমাজ কল্যাণ সংস্থার উদ্যোগে পাখিদের নিরাপদে বসবাসের জন্য বাগানে অভয়ারণ্যের উদ্বোধন করা হয়।

শিকড় সমাজ কল্যাণ সংস্থার জীবননগর উপজেলা শাখার সভাপতি তুহিনুজ্জামানের সভাপতিত্বে এ সময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিকড় সমাজ কল্যাণ সংস্থার প্রধান উপদেষ্ঠা ও জীবননগর প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক এম আর বাবু।

শিকড় সমাজ কল্যাণ সংস্থার চুয়াডাঙ্গা জেলা শাখার সহ-সভাপতি সাংবাদিক চাষী রমজান, সাধারণ সম্পাদক সাংবাদিক মিঠুন মাহমুদ, শিকড় সমাজ কল্যাণ সংস্থার জীবননগর উপজেলা শাখার সাধারণ সম্পাদক লাবনী, সদস্য সাদিয়া, মিম, রমজান, ওমর ফারুক, রিয়াজ প্রমুখ।

জীবননগরে অস্ত্রসহ সালাম আটক

চুয়াডাঙ্গার জীবননগরে আগ্নেয়াস্ত্রসহ নানা অপরাধের হোতা ও ডাকাত সর্দার আব্দুস সালাম (৫০) পুলিশের হাতে আটক হয়েছে।

গত শুক্রবার রাত সাড়ে ১০টার সময় জীবননগর-চুয়াডাঙ্গার সড়কের মনোহরপুর বাসস্ট্যান্ড থেকে তাকে গ্রেপ্তার করা হয়।

সালাম মনোহরপুর গ্রামের নিয়ামত আলী মৃধার ছেলে।

গতকাল শনিবার দুপুরে পুলিশ সালাম ডাকাতের গ্রেপ্তারের বিষয়টি নিশ্চিত করেন।

জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলামের নির্দেশে জীবননগর থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) ফেরদৌস ওয়াহিদ সঙ্গীয় ফোর্স নিয়ে রাতে টহলে বের হন। এ সময় গোপন সংবাদের ভিক্তিত্বে জানা যায়, মনোহরপুর গ্রামের চিহ্নিত মাদক ব্যবসা, ডাকাতী, আদম ব্যবসাসহ নানা অপরাধের মূল হোতা আব্দুস সালাম অপরাধ সংঘটিত করতে প্রস্তুতি নিচ্ছে।

রাত সাড়ে দশটার দিকে তিনি জীবননগর-চুয়াডাঙ্গা সড়কের মনোহরপুর গ্রামের বাসস্ট্যান্ডের কাছে পৌঁছান। এ সময় তিনি রাস্তার পাশে সালামকে দেখতে পেয়ে গ্রেপ্তার করে। এ সময় তার দেহ তল্লাশি করে একটি দেশিয় ওয়ান স্যুটারগান উদ্ধার করা হয়।

জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. সাইফুল ইসলাম বলেন, গ্রেপ্তারকৃত আব্দুস সালাম একজন চিহ্নিত অপরাধী। তার বিরুদ্ধে জীবননগর থানাসহ আশপাশের থানায় একাধিক ডাকাতি ও ছিনতাইয়ের মামলা রয়েছে। এ ছাড়াও সে বিজিবি সোর্স শোভা হত্যা মামলার এজাহারভূক্ত আসামি।

তার বিরুদ্ধে বেআইনী অস্ত্র বহনের মামলা দিয়ে আদালতে সোপর্দ করা হয়েছে।

জীবননগরে তারেক জিয়ার ৫৬তম জন্মদিন পালিত

জীবননগরে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের ৫৬তম জন্মদিন পালন করা হয়েছে। গতকাল শনিবার সকাল ১০টার সময় জীবননগর পৌর ছাত্রদল ও জীবননগর ডিগ্রী কলেজ ছাত্রদলের আয়োজনে জীবননগর উপজেলা বিএনপির কার্যালয়ে তারেক রহমানের ৫৬তম জন্মদিন পালন করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা ছাত্র দল নেতা মামুন,পারভেজ, মাজেদ, রুবেল, সাগর, সুজন, জিল্লুর, রব্বানী, বাপ্পি, রিমন, পৌর ছাত্র দলের আহবায়ক কিরন হাসনাত রাসেল, যুগ্ন-আহবায়ক শহিদ আফ্রিদি, শাওন আহম্মেদ, সাজেদুর রহমান সম্রাট, শাহিন হোসেন, সদস্য সচিব আব্দুল্লাহ আল মাসুদ, সদস্য আমানউল্লাহ, কলিং, নাঈম, ডিগ্রী কলেজ ছাত্রদলের আহবায়ক মনিরুল ইসলাম, যুগ্ন-আহবায়ক স্বাধীন, সুমন, এজাজ, সদস্য সচিব আশিকুর রহমান রোমান, সদস্য অংকন, মুক্তার কাজী, জিহাদ, সাব্বির প্রমুখ।

আলোচনা সভা শেষে বেগম খালেদা জিয়া এবং তারেক রহমানের সুস্থতা কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠত হয় এবং কেককাটার মধ্যে দিয়ে অনুষ্ঠানটি সমাপ্ত হয়।

দর্শনার কেরুতে ৫ দফা দাবিতে

গেইট মিটিং

৫ দফা দাবিতে চুয়াডাঙ্গা জেলার দর্শনা কেরু এন্ড কোম্পানি চিনিকলে গেইট মিটিং অনুষ্ঠিত হয়েছে।

চিনিকল সমূহ বন্ধের সরকারি পরিকল্পনার প্রতিবাদে বাংলাদেশ চিনিকল শ্রমিক-কর্মচারী ফেডারেশন ও বাংলাদেশ চিনিকল আখচাষি ফেডারেশন কর্তৃক ঘোষিত এ মিটিং অনুষ্ঠিত হয়।

গতকাল শনিবার সকাল ১০ ঘটিকায় কেরু শ্রমিক ও কর্মচারী ইউনিয়নের আয়োজনে চুয়াডাঙ্গার দর্শনা কেরু এন্ড কোম্পানির ক্রেন কেরিয়ারে গেট মিটিং অনুষ্ঠিত হয়।

কেরু এন্ড কোস্পানি চিনিকলের শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সভাপতি ও বাংলাদেশ চিনিকল শ্রমিক-কর্মচারী ফেডারেশনের সহ-সাধারণ সম্পাদক তৈয়ব আলীর সভাপতিত্ব অনুষ্ঠিত গেইট মিটিং এ বক্তব্য রাখেন, কেরু এন্ড কোস্পানি চিনিকলের শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সাধারণ সম্পাদক ও বাংলাদেশ চিনিকল শ্রমিক-কর্মচারী ফেডারেশনের সভাপতি মাসুদুর রহমান, দর্শনা আখচাষি কল্যাণ ফেডারেশনের সহ-সভাপতি ওমর আলী ও সাধারণ সম্পাদক আব্দুল বারী, কেরু এন্ড কোস্পানির শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সহ-সভাপতি মোস্তাফিজুর রহমান, সাবেক সহ-সভাপতি মোঃ ফারুক আহমেদ, ও সহ-সাধারণ সম্পাদক খবির উদ্দিন, কেরু এন্ড কোস্পানি শ্রমিক-কর্মচারী ইউনিয়নর সদস্য হাফিজ আহমেদ এবং শ্রমিক নেতা ফিরোজ আহম্মেদ সবুজ।

কেরু এন্ড কোস্পানির শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সাধারণ সম্পাদক ও বাংলাদেশ চিনিকল শ্রমিক-কর্মচারী ফেডারেশনের সভাপতি মাসুদুর রহমান বলেন, গেইট মিটিং এর মাধ্যমে প্রতিবাদ কর্মসূচি শুরু হলো, ২৮ নভেম্বর শনিবার স্ব-স্ব চিনিকল এলাকায় আখচাষি ও শ্রমিক-কর্মচারীদর সমম্বয়ে মানববন্ধন, প্রত্যেকটি চিনিকল এলাকায় পোস্টার, ব্যানার ও লিফলট বিতরণ, একই সঙ্গ ১৫টি চিনিকলে মাড়াই মৌসুমের তারিখ নির্ধারণ না হওয়া পর্যন্ত কোন চিনিকলর বয়লারে স্লো ফায়ারিং করা যাবে না।

এছাড়া গেইট মিটিং থেকে ৫দফা দাবী বাস্তবায়নের দাবী জানানো হয়, এগুলা হলো, চিনিকল নিয়োজিত শ্রমিক-কর্মচারীদর ৫-৬ মাসের বকেয়া বেতনসহ সকল পাওনাদি এবং অবসরপ্রাপ্ত শ্রমিক-কর্মচারীদর গ্রাচ্যুইটির টাকা পরিশাধ, চিনিকল বন্ধের প্রক্রিয়া বাতিল, আসন্ন

মাড়াই মৌসুম (২০২০-২০২১) পূর্ব যাবতীয় মালামাল সরবরাহ করেত হবে , আখ উৎপাদনের স্বার্থে সার,বীজ ও কীটনাশকসহ জরুরী উপকরণসমূহ সরবরাহ করতে হবে ও আখচাষিদর আখের বকেয়া মূল্য পরিশোধ করত হবে।

কেরু এন্ড কোস্পানি চিনিকলের শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সভাপতি ও বাংলাদেশ চিনিকলের শ্রমিক-কর্মচারী ফেডারেশনের সহ-সাধারণ সম্পাদক তৈয়ব আলী বলেন, বিভিন্ন ভুল সিদ্ধান্ত চিনিকল শ্রমিক-কর্মচারীদের ওপর চাপিয়ে চিনিকল বন্ধের পায়তারা করা হচ্ছে, যা আমাদর জন্য দুর্বিষহ পরিবশ তৈরি করছে।